দৈনিক
ইত্তেফাক

তাং 13 JAN 2015
পৃষ্ঠা -৭-

# সুজানগরে অর্ধশত ঝুঁকিপূর্ণ ভবনে চলছে সরকারি প্রাথমিক স্কুলের পাঠদান

■ সুজানগর (পাবনা) সংবাদদাতা

সুজানগরে অর্ধশত ঝুঁকিপূর্ণ ভবনে চলছে প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান। বেসরকারি থেকে সরকারি হওয়াসহ পূর্ব থেকে সরকারিকৃত এসব ভবনে মারাত্মক ফাটল ধরার পাশাপাশি ছাদের পলেস্তরা খসে রড বের হয়ে গেছে। তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ফাটল ধরা জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবনগুলো পরিত্যক্ত ঘোষণা করেননি। ১৯৯২-৯৩ সালের দিকে উপজেলার ভবানীপুর, দুলাই, রানীনগর, মহব্বতপুর, হাটখালী, কামালপুর, বড়ুরিয়া, নতুন করে জাতীয়করণকৃত হেমরাজপুর, সাগতা, কৃষ্ণপুর, পাইকপাড়া, নারায়ণপুর এবং উদয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ অর্ধশত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ করা হয়। দীর্ঘ দু'যুগেরও বেশি সময় অতিবাহিত হলেও এসব ভবন সংস্কার করা হয়নি। ফলে অধিকাংশ বিদ্যালয়ের ভবনে মারাত্মক ফাটল ধরার পাশাপাশি পলেস্তরা খসে রড বের হয়ে গেছে। সামান্য বৃষ্টি হলেই অধিকাংশ ভবনের ছাদ থেকে পানি চুঁইয়ে পড়ে। এ সময় শিক্ষার্থীদের পাঠদান চরমভাবে ব্যাহত হয়। সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকরা জানান, জরাজীর্ণ এসব ভবনের এমন শোচনীয় অবস্থা যে কোন সময় ধসে পড়ে হতাহতের ঘটনা ঘটতে পারে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দা নার্গিস আক্তার বলেন, ঐসব ভবন সংস্কারের জন্য যথাযথ কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বরাদ্দ আসলে সংস্কার করা হবে।